সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

বিষয়: বাংলা

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান: ১০০**

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো :

সুন্দরবনে বাঘ ছাড়াও আছে নানা রকমের হরিণ। কোনটার বড় বড় শিং, কোনটার গায়ে ফোঁটা ফোঁটা সাদা দাগ। এদের বলে চিত্রা হরিণ। এক সময় সুন্দরবনে প্রচুর গণ্ডার ছিল, ছিল হাতি, ছিল বুনো শুয়োর। এখন এসব প্রাণী আর নেই। তবে দেশের রাঙ্গামাটি আর বান্দরবানের জঙ্গলে হাতি দেখতে পাওয়া যায়।যেকোন দেশের জন্যই জীবজন্তু, পশুপাখি এক অমূল্য সম্পদ। দেশের জলবায়ু আবহাওয়া গাছপালা বৃক্ষলতা ইত্যাদি প্রাকৃতিক পরিমণ্ডলেই সে দেশের প্রাণিকুল জীবনধারণ করে। একটু লক্ষ্য করলেই দেখা যাবে পৃথিবীতে অপ্রয়োজনীয় প্রাণী ও বৃক্ষলতা বলতে কিছুই নেই। একসময় আমাদের দেশে প্রচুর শকুন দেখা যেত। শকুন দেখতে যে খুব সুন্দর পাখি তা কিন্তু নয়। এরা উড়ে বেড়ায় আকাশের অনেক উপর। বাসা করে গাছের ডালে। মানুষের পক্ষে যা ক্ষতিকর, সেইসব আর্বজনা শকুন খায় এবং পরিবেশকে পরিচ্ছন্ন রাখে। কিন্তু শকুন এখন বাংলাদেশে বিলুপ্তপ্রায় পাখি। প্রাণী বৃক্ষলতা সব কিছুই প্রকৃতির দান। তাকে ধ্বংস করতে নেই। ধ্বংস করলে নেমে আসে নানা বিপর্যয়–বন্যা, খড়া, ঝড় ইত্যাদি।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : **১×৫=৫**

১. কোন প্রাণী বড় বড় শিং, গায়ে ফোঁটা ফোঁটা সাদা দাগ রয়েছে?

ক) চিত্রা হরিণ খ) গণ্ডার গ) হাতি ঘ) বুনো শুয়োর

২. রাঙ্গামাটি আর বান্দরবানের জঙ্গলে কী দেখা যায়?

ক) বাঘ খ) চিত্রা হরিণ গ) হাতি ঘ) ঘোড়া

৩. যে কোন দেশের জন্যই জীবজন্তু পশুপাখি –

ক) বোঝা খ) অমূল্য সম্পদ গ) বিপদের কারণ ঘ) রহস্যময়

৪. সুন্দরবনে এখন আর নেই –

ক) গণ্ডার খ) হাতি গ) বুনো শুয়োর ঘ) উপরের সবগুলো

৫. মানুষের পক্ষে যা ক্ষতিকর, সেই সব আর্বজনা খায় –

ক) চিল খ) শকুন গ) ঈগল ঘ) বাবুই

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও : **১+২+২=৫**

ক) হাতি কোথায় দেখতে পাওয়া যায়?

খ) সুন্দরবনে বিলুপ্ত কয়েকটি প্রাণীর নাম লেখ।

গ) শকুন সম্পর্কে লেখ।

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : **১×৫=৫**

বিলুপ্ত, বিচিত্র, প্রচুর, জঙ্গলে, খরা।

৪। প্রদত্ত অনুচ্ছেদের সারাংশ লেখ : **৫**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নং ক্রমিক প্রশ্নগুলোর উত্তর লেখ :

তোমরা হয়ত মাদার তেরেমার নাম শুনেছ। তিনি মানব সেবার এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন। সুদূর ইউরোপের আলবেনিয়া থেকে তিনি ভারতীয় উপমহাদেশে এসে দীর্ঘদিন নানান সেবামূলক কাজ করে গেছেন। বাংলাদেশসহ সারা বিশ্বের তাঁর সেবা প্রতিষ্ঠান গড়ে ওঠেছে। যেখানে রোগ, দুঃখ, দারিদ্র্য, অসহায়তা, প্রাকৃতিক দুর্যোগ সেখানেই সেবার হাত বাড়িয়ে দিয়েছেন মাদার তেরেসা। সেবার ব্রত নিয়েই তিনি সারা জীবন ব্যস্ত থেকেছেন। ১৯১০ খ্রিস্টাব্দে ২৬শে আগস্ট জন্মগ্রহণকারী শান্তির এ সাধক ১৯৯৭ খ্রিস্টাব্দে ৫ই সেপ্টেম্বর কলকাতায় মৃত্যুবরণ করেন। সমস্ত পৃথিবীর মানুষ তাঁকে শ্রদ্ধা জানিয়েছে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : **১×৫=৫**

১. মাদার তেরেসা কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

ক) ১৯০৫ খ্রিস্টাব্দে খ) ১৯১০ খ্রিস্টাব্দে গ) ১৯১৫ খ্রিস্টাব্দে ঘ) ১৯২০ খ্রিস্টাব্দে

২. মাদার তেরেসার জন্মস্থান কোথায়?

ক) এশিয়া খ) আফ্রিকা গ) আমেরিকা ঘ) ইউরোপ

৩. মাদার তেরেসার ভারতীয় উপমহাদেশে আগমনের কারণ কী?

ক) ব্যবসা – বাণিজ্য করা খ) কূটনৈতিক সম্পর্ক রক্ষা গ) মানবসেবা ঘ) ভ্রমণ করা

৪. মানবসেবা ছিল মাদার তেরেসার –

ক) সারা জীবনের ব্রত খ) শখ গ) চাকরি ঘ) সেবিকার সাথে

৫. মাদার তেরেসাকে নিম্নের কার সাথে তুলনা করা যায়?

ক) যোদ্ধার সাথে খ) কবির সাথে গ) গায়কের সাথে ঘ) সেবিকার সাথে

৬। নিচে কয়কটি শব্দ ও শব্দার্থ দেয়া হলো। নিচের বাক্যগুলোর শূণ্যস্থানে উপযুক্ত শব্দটি বসিয়ে উত্তরপত্রে লেখ : **৫**

শব্দ	শব্দার্থ
দৃষ্টান্ত	উদাহরণ
ইউরোপ	একটি মহাদেশ
শ্রদ্ধা	ভক্তি
দূত	সংবাদ বাহক
অসহায়	সহায়হীন
অনুসরণ	অনুকরণ

ক) মাদার তেরেসা ছিলেন মানবসেবার এক উজ্জ্বল --------------------- ।

খ) তিনি এশিয়ায় আগমন করেছিলেন --------------------- থেকে।

গ) পৃথিবীর লোকেরা --------------------- সাথে মাদার তেরেসাকে স্মরণ করেন।

ঘ) --------------------- মানুষের পাশে দাঁড়ানোর ছিল তাঁর কাজ।

ঙ) সকলের উচিত মাদার তেরেসার দৃষ্টান্ত --------------------- করা।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : **৩×৫=১৫**

ক) ‘‘সমস্ত পৃথবীর মানুষ তাঁকে শ্রদ্ধা জানিয়েছে’’ – এই বাক্যটি দিয়ে কী বুঝানো হয়েছে পাঁচটি বাক্যে লিখ।

খ) মাদার তেরেসা থেকে অনুসরণীয় পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

গ) মাদার তেরেসা সেবার ব্রত নিয়ে ব্যস্ত থাকার কারণ পাঁচটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা করো। ১০

ক) দ্ধ খ) ম্ধ গ) ন্ধ ঘ) জ্ঞ ঙ) ট্র

৯। উপযুক্ত স্থানে বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি তোমার উত্তরপত্রে লেখো : ৫

তিতুমীরের যখন জন্ম তখন আমাদের বাংলাদেশসহ পুরো ভারতবর্ষ ছিল পরাধীন চলছে ব্রিটিশ রাজত্ব ইংরেজরা চালাত অত্যাচার অন্যদিকে ছিল দেশি জমিদারদের জুলুম

১০। এককথায় প্রকাশ করে উত্তরপত্রে লেখো: ১×৫=৫

সকলের মধ্যে শ্রেষ্ঠ, যার শত্রু জন্মায়নি, চিরদিন স্মরণ করার যোগ্য, ন্যায়যুদ্ধে নিহত ব্যক্তি, প্রতি মুহূর্তে অপেক্ষা করা।

১১। নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখো : ১×৫=৫

ক) পৃথিবী খ) পাহাড় গ) চাঁদ ঘ) পতন ঙ) ছুটি

১২। উদ্ধৃতাংশটুকু পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:

থাকব না কো বদ্ধ ঘরে
দেখব এবার জগৎটাকে,
কেমন করে ঘুরছে মানুষ
যুগান্তরের ঘূর্ণিপাকে।
দেশ হতে দেশ দেশান্তরে
ছুটছে তারা কেমন করে,

ক) কবিতাংশে কবিতার নাম ও কবির নাম লেখ। ২

খ) কবিতাংশের মূলভাব লেখ। ৫

গ) যুগান্তরের ঘূর্ণিপাকে মানুষ কেন ঘুরছে? ৩

১৩। মনে কর, তোমার নাম নদী / পলাশ। তুমি ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র / ছাত্রী। তুমি তোমার বিদ্যালয়ের পাঠাগারের সদস্য প্রতিযোগিতায় হতে চাও। সদস্য হওয়ার জন্য একটি আবেদন ফরম পূরণ কর। ৫

ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়

পাঠাগার সদস্য ফরম

১. শিক্ষার্থীর নাম :
২. মাতার নাম :
৩. পিতার নাম :
৪. শ্রেণি :
৫. ক্রমিক নং :

....

শিক্ষার্থীর স্বাক্ষর

১৪। মনে কর, তোমার নাম আসমা / আসিফ । তোমার বিদ্যালয়ের নাম রহমতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় । তোমার অসুস্থতার জন্য তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ । **৫**

১৫। নিচের যেকোনো বিষয়ে ২০০ শব্দের মধ্যে একটি রচনা লেখো : **১০**

ক) পাট । [ভূমিকা, আকৃতি, উৎপত্তি স্থান, প্রকারভেদ, চাষপ্রণালি, প্রয়োজনীয়তা, উপসংহার ।]

খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ । [ভূমিকা, স্বাধীনতা আন্দোলন, স্বাধীনতার ঘোষণা, মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা, বিজয় দিবস, উপসংহার ।]

গ) শীতের সকাল । [ভুমিকা, প্রকৃতির রূপ বর্ণনা, শীতের পোশাক, পরিচ্ছদ, শীতে সুবিধা-অসুবিধা, উপসংহার ।]

ঘ) তোমার জীবনের লক্ষ্য । [ভূমিকা, সময়কাল, প্রয়োজনীয়তা, সচেতনতা সৃষ্টিতে করণীয়, উপসংহার ।]